

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় বীজ বোর্ডের সভায় ইনব্রিড ও হাইব্রিড
ধান, গম ও আলুর জাত অবমুক্তকরণ

ঢাকা, ৬ অগ্রহায়ণ, ১৪২১ বঃ; ২০ নভেম্বর ২০১৪ খ্রিঃ


জাতীয় বীজ বোর্ডের সভায় আজ ইনব্রিড এবং হাইব্রিড ধান, গম ও আলুর সর্বমোট ২২টি জাত অবমুক্ত করা হয়েছে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট উদ্ভাবিত উচ্চপ্রোটিন সমৃদ্ধ ব্রিধান-৬৬ সহ ব্রিধান-৬৫, ব্রিধান-৬৭, ব্রিধান-৬৮, ব্রিধান-৬৯ রয়েছে।

সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আজ বুধবার অনুষ্ঠিত এনএসবি'র ৮৩তম সভায় উক্ত ফসলের জাতসমূহ অবমুক্ত করা হয়। কৃষি মন্ত্রণালয়ের সচিব ও এনএসবি সভাপতি ড. এস এম নাজমুল ইসলাম সভায় সভাপতিত্ব করেন। উক্ত সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও বীজ উইং এর মহাপরিচালক জনাব আনোয়ার ফারুক এবং কৃষিমন্ত্রণালয়ের ও দপ্তর সংস্থার উপধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের গম গবেষণা কেন্দ্র কর্তৃক উদ্ভাবিত গমের দুইটি জাত বারি গম-২৯ ও বারি গম-৩০, এবং কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক উদ্ভাবিত বারি আলু-৫৬, বারি আলু- ৫৭ জাত ছাড়করণ করা হয়।

এছাড়া বিদেশ থেকে আমদানীকৃত ২০১২-২০১৩ এবং ২০১৩-২০১৪ বোরো মৌসুমে হাইব্রিড ধানের ট্রায়ালকৃত অনস্টেশন ও অনফার্ম উভয় ক্ষেত্রে চেকজাত থেকে দুই বছরের গড় ফলন একের অধিক স্থানে ২০% এবং কোনো কোনো ক্ষেত্রে তার বেশি হওয়ায় বিভিন্ন কোম্পানির ৭ (সাত) টি জাতকে (ক) ব্যাবিলন হাইব্রিড ধান-১, (খ) নর্থ সাউথ হাইব্রিড ধান-৩ (NSSL-1) (গ) নর্থ সাউথ হাইব্রিড ধান-৪ (NSSL-2) (ঘ) ব্র্যাক হাইব্রিড ধান-১১ (GB-106) (ঙ) বায়ার হাইব্রিড ধান-৫ (H11001) (চ) পারটেক্স হাইব্রিড ধান-১ (BS-234) (ছ) পারটেক্স হাইব্রিড ধান-২ (HP-722) সাময়িক ও শর্ত সাপেক্ষে বোরো মৌসুমে চাষাবাদের নিমিত্তে নিবন্ধনের অনুমোদন দেয়া হয়েছে।

এছাড়া বিদেশ থেকে আমদানীকৃত আলুর ছয়টি জাত নিবন্ধন করা হয়েছে। এগুলো হলো বারি আলু-৫৪, বারি আলু-৫৫, বারি আলু-৫৮, বারি আলু-৫, বারি আলু-৬০, বারি আলু-৬১।


বিবেকানন্দ রায়

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

মোবাঃ ০১৭১১-৮১৫৮৮১

ফোনঃ ৯৫১৪৭৭৬

E-mail-vivekroy07@yahoo.com